# 2023

## 6th Semester Examination

## BENGALI (General)

### Paper : GE 2-T

### [CBCS]

Full Marks : 60 Time : Three Hours

*The figures in the margin indicate full marks. Candidates are required to give their answers in their own words as far as practicable.*

## (একাঙ্ক নাটক ও গোয়েন্দা কাহিনী)

### বিভাগ - ক

যে কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও। ২×১০=২০

১। সম্পাদকের নামসহ যে কোনো দুটি একাঙ্ক নাটক-সংকলন গ্রন্থের নাম লেখো।

২। 'রাজপুরী' একাঙ্ক নাটকটি কোন পত্রিকায় কত সালে প্রথম প্রকাশিত হয়?

৩। 'রাজপুরী' একাঙ্ক নাটকের কাহিনী উৎস সহ দুটি চরিত্রের পরিচয় দাও।

P.T.O.

৪। ''আমি বাউরী বটে। সাঁওতাল নই।'' — কোন্ একাঙ্কে কে কার উদ্দেশে একথা বলেছে?

৫। 'দেবী' একাঙ্কের কাহিনী কোন্ স্থানের? এই একাঙ্কের চৌকিদার ও ম্যানেজারের নাম লেখো।

৬। 'রাজপুরী' একাঙ্কের রাজা-রানী ও তাদের দুই পুত্রের নাম লেখো।

৭। পান্নালাল কে? নাটকে তার যে বর্ণনা আছে তা লেখো।

৮। 'উধাও হল একদিন দুজনে'—কে, কাকে একথা বলেছে? কারা উধাও হয়েছিল?

৯। 'এইখানেই তো ট্র্যাজেডি'—কে কাকে কেন একথা বলেছে লেখো।

১০। ''পুরী যাবার সময় ঠাকুরের 'কথামৃত' দেব।''—কে কাকে একথা বলেছে? 'কথামৃত' কী? লেখকের নাম উল্লেখ করো।

১১। 'শজারুর কাঁটা' কোন্ শ্রেণীর রচনা? রচনাটির প্রকাশকাল উল্লেখ করো।

১২। দীপার আলমারিতে কী কী বই ছিলো?

১৩। 'শজারুর কাঁটা' রচনাটিতে কয়টি খুনের কথা আছে?

১৪। 'ছোট্ট ঘরটিতে এজলাস বসল।' — কারা কী উদ্দেশ্যে কোথায় এজলাস বসিয়েছিল?

১৫। 'বিচিত্র তাদের বিবাহিত জীবন।' — উদ্ধৃত অংশটি কোথা থেকে নেওয়া হয়েছে? এখানে তাদের বলতে কাদের কথা বলা হয়েছে?

## বিভাগ - খ

যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও। ৫×৪=২০

১৬। 'এক পশলা বৃষ্টি' একাঙ্কের খোকা ও সরমার সম্পর্ক বিশ্লেষণ করো।

১৭। 'শিককাবাব' একাঙ্কিকার নারী চরিত্রটির নাম কী? তার জীবন কাহিনী সংক্ষেপে আলোচনা করো।

১৮। শুখনিকে কেন 'দেবী' বলা হয়েছে আলোচনা করো।

১৯। 'রাজপুরী' একাঙ্কের কবিশেখর ও রানীর সম্পর্ক বিশ্লেষণ করো।

২০। 'শজারুর কাঁটা' উপন্যাসের খড়্গবাহাদুর চরিত্রটির পরিচয় দাও।

২১। শজারুর কাঁটা উপন্যাসের খুনের ঘটনাগুলির সংক্ষিপ্ত বর্ণনা দাও।

## বিভাগ - গ

যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও। ১০×২=২০

২২। শজারুর কাঁটা উপন্যাসের সমাজচিত্র আলোচনা করো।

P.T.O.

২৩। গোয়েন্দা কাহিনীরূপে 'শজারুর কাঁটা' উপন্যাসের সার্থকতা বিচার করো।

২৪। 'শিককাবাব' একাঙ্কিকার নামকরণের তাৎপর্য বিশ্লেষণ করো।

২৫। বাসবক্ষত্রিয়া চরিত্রের পরিচয় দাও।

---

অথবা

(প্রবন্ধ ও সাহিত্যের রূপরীতি বিচার-পদ্ধতি)

বিভাগ - ক

যে কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও।  ২×১০=২০

১। 'বাবু' প্রবন্ধটি বঙ্কিমচন্দ্রের কোন্ প্রবন্ধগ্রন্থের অন্তর্ভুক্ত? প্রবন্ধ গ্রন্থটির প্রকাশকাল লেখো।

২। "আপনি অনুগ্রহ করিয়া সবিস্তারে বর্ণনা করুন।" — কোন্ প্রবন্ধের অংশ? কে কাকে কী বর্ণনা করতে বলেছেন?

৩। 'সৌন্দর্যবোধ' প্রবন্ধটি কার লেখা কোন্ গ্রন্থের প্রবন্ধ? প্রবন্ধ গ্রন্থটির প্রকাশকাল লেখো।

৪। 'সৌন্দর্যবোধ' প্রবন্ধে কালিদাসের কোন্ কাব্যগুলির নাম উল্লেখ আছে লেখো।

৫। 'ভারতীয় সংস্কৃতির গোড়ার কথা' প্রবন্ধটি কত সালে কোন্ পত্রিকায় প্রথম প্রকাশিত হয়?

৬। "সকল প্রাচীন সভ্যতার মধ্যে মাত্র একটি বাঁচিয়া আছে।" — কোন্ প্রবন্ধের অংশ? এখানে বেঁচে থাকা কোন্ সভ্যতার কথা বলা হয়েছে?

৭। সৌগন্ধিকপুটিকা বলতে কী বোঝায় লেখো?

৮। 'লিরিক্যাল ব্যালার্ড' কাদের প্রচেষ্টায় কত সালে প্রকাশিত হয়?

P.T.O.

৯। 'ক্লাসিসিজমে'র দুটি বৈশিষ্ট্য লেখো।

১০। ট্র্যাজেডি কাকে বলে? ট্র্যাজেডির উপাদান কয়টি?

১১। বাংলা সাহিত্যের দুটি ট্র্যাজেডি নাটকের নাম লেখো।

১২। রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা দুটি কমেডি নাটকের নাম লেখো।

১৩। গীতিকবিতা কাকে বলে?

১৪। বাংলা ভাষায় লেখা দুটি সার্থক এলিজির নাম লেখো।

১৫। বাংলা ভাষায় লেখা দুটি আঞ্চলিক উপন্যাসের নাম লেখো।

## বিভাগ - খ

যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও। ৫×৪=২০

১৬। 'সৌন্দর্যমূর্তিই মঙ্গলের পূর্ণমূর্তি এবং মঙ্গলমূর্তিই সৌন্দর্যের পূর্ণস্বরূপ।'— কার লেখা কোন্ প্রবন্ধের অংশ? ব্যাখ্যা করো।

১৭। 'ভারতীয় সংস্কৃতির গোড়ার কথা' প্রবন্ধ অবলম্বনে ভারতীয় সংস্কৃতির সংক্ষিপ্ত পরিচয় দাও।

১৮। রোমান্টিসিজমের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

১৯। কমেডি নাটকের সংজ্ঞা লিখে উদাহরণসহ শ্রেণীগুলির পরিচয় দাও।

২০। বাংলা লেখা একটি সার্থক ট্র্যাজেডি নাটকের পরিচয় দাও।

২১। টীকা লেখো — ওড, এলিজি (যে কোনো **একটি**)।

## বিভাগ - গ

যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও। ১০×২=২০

২২। আঞ্চলিক উপন্যাসের বৈশিষ্ট্যগুলি লেখো।

২৩। লিরিক বা গীতিকবিতার উদ্ভব ও বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

২৪। বঙ্কিমচন্দ্র তাঁর 'বাবু' প্রবন্ধে ব্যঙ্গ বিদ্রুপের মধ্য দিয়ে বাবু সমাজের যে স্বরূপ তুলে ধরেছেন, তা আলোচনা করো।

২৫। প্রমথ চৌধুরী 'বইপড়া' প্রবন্ধে সাহিত্যচর্চার সপক্ষে যেসব যুক্তি দিয়েছেন সেগুলি সমর্থনযোগ্য কিনা বিচার করো।

---